

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর

স্মারক নং : উমাশিঅ/গাংনী/মেহের/২০২২/২২৫৫-ক

তারিখ : ০২/০২/২০২২

সভার নোটিশ

উপজেলা পরিষদ, গাংনী এর জানুয়ারী/২০২২ ইং মাসের মাধ্যমিক ও মাদরাসা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ১০/০১/২০২২ তারিখ সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে অনুষ্ঠিত হবে। জনাব রাশেদুল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অলোচ্য সূচি :-

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. অন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন বিষয়ে আলোচনা।
৩. শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ।
৪. বিবিধ।

(মীর হাবিবুল বাসার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত উপজেলা পরিষদের স্থায়ী কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের
জানুয়ারী/২০২২ মাসের কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহা: রাশেদুল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়
তারিখ ও সময় : ১০/০১/২০২২ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :(সংরক্ষিত)


সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সদস্য-সচিব জানান, ১ জানুয়ারীর পূর্বে সকল শ্রেণির পাঠ্যপুস্তক না আসাতে সেগুলো বিতরণ সম্ভব হয় নাই। তবে সকল প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর হাতেই কিছু না কিছু বই তুলে দেওয়া সম্ভব হয়েছে। বাকি বই প্রাপ্তি সাপেক্ষে সুষ্ঠুভাবে বিতরণের সিদ্ধান্ত হয়। অফিসিয়াল নানা ব্যস্ততার কারণে বার্ষিক পরীক্ষা চলাকালীন সার্বিক রিপোর্ট প্রণয়ন করা সম্ভব হয় নাই বলে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। পরবর্তী সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিষ্ঠানে মহান বিজয় দিবস সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপিত হওয়ায় সভার পক্ষ থেকে সন্তোষ প্রকাশ করা হয়।

সদস্য-সচিব জানান-শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে আসন্ন মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের কথা বলা হয়েছে। এ ব্যাপারে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভার পক্ষ থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে দায়িত্ব দেওয়া হয়।

সদস্য-সচিব জানান- উপজেলার অনেক অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানে এখনও খেলাধুলার পূর্ণাঙ্গ সামগ্রী ক্রয় করা সম্ভব হয় নাই, যে কারণে তারা ক্রিকেট, ফুটবলের মত জনপ্রিয় অনেক খেলায় অংশগ্রহণ করতে পারে না। এ ব্যাপারে আগামী সভায় ইউএসইও সাহেব অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানের একটি তালিকা প্রস্তুত করে সভায় উত্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাল্য বিবাহ আমাদের সমাজের বর্তমান সময়ের অন্যতম সমস্যা। এর ফলে দেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং অদক্ষ ও মূর্খ জনসংখ্যা দেশের বোঝায় রূপান্তরিত হচ্ছে। তাই শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় যাতে শ্রেণিকক্ষে অন্যান্য আলোচনার পাশাপাশি বাল্যবিবাহ সংক্রান্ত আলোচনাও গুরুত্ব পায় সে ব্যাপারে সভায় গুরুত্বারোপ করা হয়। এ ব্যাপারে কমিটির সদস্যবৃন্দ নিজ নিজ এলাকায় জনসচেতনতামূলক কার্যক্রম করবেন বলে সভায় সিদ্ধান্ত হয়।

সভায় আর বিশেষ কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: রাশেদুল হক)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সদস্যগণের উপস্থিতি শীট।

স্থান :

উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গাংনী, মেহেরপুর।






তারিখ ও সময়ঃ

২০/০২/২২ দুপুরঃ ২.০০টা

সভাপতি :

জনাব মোঃ রাশেদুল হক

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাশেদুল হক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।	
০২	চেয়ারম্যান, কাখুলি ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৩	চেয়ারম্যান, কাজিপুর ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৪	সিরাজুল ইসলাম, অধ্যক্ষ, উপজেলা ফুলকুড়ি শিশু শিক্ষালয়, গাংনী, মেহেরপুর।	
০৫	মোঃ আশরাফুল লালু, প্রধান শিক্ষক, সরকারী বালিকা বিদ্যালয়, গাংনী, মেহেরপুর।	
০৬	মোঃ আঃ রকিব, শিক্ষক, চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী, মেহেরপুর।	
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর।	